

বর্ষামঙ্গল

বৃষ্টি নামল এই শহরে.. আমি তখন
দরজা খোলা জানালা -- দরজা বন্ধ করছি...

জায়গামতো গুছিয়ে রাখছি কাগজকলম
কাচের শার্সি ধুয়ে যাচ্ছে জলের তোড়ে

কার্নিসে কাক -- ভিজে ঝুপুস... জোড়া পায়রা
ডাকছে না আর ... অন্ধকারের নজরকাড়া
দৃশ্য দেখে সকাল না রাত --- মালুম হয় না
নগরজীবন কালিদাসের নাম শোনেনি!

আকাশ থেকে মেঘের হাতি জল ছুঁড়েছে
জোড়াবাগান, কলেজস্ট্রিটে বানভাসি ঢেউ ...

যঞ্জেবরা সব মেট্রোরেলের গুহার ভিতর
নির্বাসিত ... চিঠি লেখার কথাও তাদের

মনে পড়ে না ... তিন একে তিন, চার একে চার
মুহূর্তরাও নিয়মমাফিক অঙ্ক কষে!

লংশটে মেঘ দিক বদলায় -- আরও একবার
নতুন করে ঝাঁপিয়ে পড়ার আগেই তাকে

আমার বাড়ির সামনে এসে থামতে হবে
কৃষকুড়ার নীচেই দ'জন যুগলমূর্তি

ভিজছে যে সেই কখন থেকে -- জোড়াঠোঁটের
দৃশ্যে কি আজ ইতিহাসের বোধন হচ্ছে!

শহর জুড়ে বৃষ্টি ... শুধু গাছের নীচে
'মেঘের ঢোকা বারণ' ---জারি নিষেধনামা...

অর্ণব সাহা



